জাতীয় নিরাপত্তায় ব্রিকস-এর দায়িত্বপ্রাপ্ত শীর্ষ প্রতিনিধিদের বৈঠক

১) ব্রিকস-এর নিরাপত্তার দায়িত্বপ্রাপ্ত শীর্ষ প্রতিনিধিদের ষষ্ঠ বৈঠক অনুষ্ঠিত হল বৃহস্পতিবার, ১৫ সেপ্টেম্বর, ২০১৬, নয়াদিল্লিতে। ভারত প্রজাতন্ত্রের সরকারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল বৈঠকের সভাপতিত্ব করেন।

২) ব্রাজিলের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন মহামান্য জেনারেল সার্জিও ওয়েস্টফালেন ইথেগোইয়ান, প্রতিমন্ত্রী, ব্রাজিল প্রজাতন্ত্রের প্রাতিষ্ঠানিক নিরাপত্তার জন্য মন্ত্রিপরিষদের প্রধান, রাশিয়ার মহামন্য জনাব নিকোলাই পি. পাতরুশেভ, রাশিয়ান ফেডারেশনের নিরাপত্তা পরিষদের সচিব, চিনের মহামান্য জনাব ইয়াং জিয়িছি, চিন গণপ্রজাতন্ত্রের স্টেট কাউন্সিলর এবং দক্ষিণ আফ্রিকার মহামান্য জনাব বানগিসেনি ডেভিড মাহলোবো, নিরাপত্তার প্রতিমন্ত্রী।

৩) বিশ্বজনিন গুরুত্বপূর্ণ বিষয়ে ব্রিকস গোষ্ঠীর ইতিবাচক অবদান স্বীকার করে, আলোচনা করেন সন্ত্রাস প্রতিরোধ, সাইবার নিরাপত্তা, জ্বালানি নিরাপত্তার মতো নিরাপত্তাজনিত বিষয়গুলি নিয়ে। এছাড়াও তাঁরা পশ্চিম এশিয়া এবং উত্তর আফ্রিকা (ওয়ানা) অঞ্চলে সাম্প্রতিক উন্নয়ন নিয়ে মত বিনিময় করেন।

৪) সাইবার নিরাপত্তা/ তথ্য নিরাপত্তার বিষয়ে তাঁরা সাইবার অপরাধ প্রতিরোধ, কারিগরি ও যৌথ সাইবার নিরাপত্তা 'আরঅ্যান্ডডি'-সহ আইন প্রয়োগকারী সংস্থাগুলির মধ্যে তথ্য বিনিময় ও সর্বোত্তম কার্যকলাপ এবং সক্ষমতা বৃদ্ধির যৌথ প্রচেষ্টা জোরদার করতে সহমত হন।

৫) শীর্ষ প্রতিনিধিরা সন্ত্রাস বিরোধী কার্যকলাপের জন্য তথ্য ও জ্ঞান,

দক্ষতা বিনিময়, সহযোগিতা এবং সর্বোত্তম কার্যকলাপকে উৎসাহ দেন। এই প্রেক্ষিতে তারা এক দিন আগে সন্ত্রাসবাদ বিরোধিতায় ব্রিকস ওয়ার্কিং গ্রুপের প্রথম বৈঠককে স্বাগত জানান। একইসঙ্গে জঙ্গিদের আর্থিক সহায়তা এবং অস্ত্র-গোলাবারুদের মতো জঙ্গি-সরঞ্জাম বন্ধ করার ব্যাপারে ব্রিকস সন্ত্রাসবাদ বিরোধী সহযোগিতাকে আরও বিস্তৃত করতে তাঁরা সহমত হন। তাঁরা সন্ত্রাসবাদের বিশ্বব্যাপী হুমকি মোকাবিলা করার জন্য বিশ্বজনিন আইনি শাসনের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন।

৬) এছাড়াও শক্তি-নিরাপত্তার বিষয়ে ব্রিকস দেশগুলির মধ্যে কর্মদ্যোগী দীর্ঘমেয়াদি ও মাঝারি মেয়াদি আলোচনার বিষয়ে তাঁরা সম্মত হন।

৭) শান্তিপূর্ণ উপায়ে এবং আন্তর্জাতিক আইন ও রাষ্ট্রসঙ্ঘের সনদের নীতিমালা অনুযায়ী ওয়ানা অঞ্চলে অসমাপ্ত বিতর্কের সমাধানের জন্য গুরুত্ব আরোপ করেন। এছাড়াও ব্রিকসের শীর্ষ প্রতিনিধিরা সহমত হন যে, জোটবদ্ধভাবে ওই অঞ্চল থেকে সন্ত্রাস ও সহিংস চরমপন্থাকে বিতাড়িত করার ব্যাপারে।

৮) শীর্ষ প্রতিনিধিরা একমত হন যে, সহযোগিতা এবং নিরাপত্তা সংক্রান্ত ক্ষেত্রে স্ব স্ব সংস্থাগুলির মধ্যে কার্যকলাপ দৃঢ়তর করতে।

৯) জাতীয় নিরাপত্তা উপদেষ্টা শ্রী অজিত দোভাল তাঁর সমমর্যাদা সম্পন্ন ব্রিকস দেশগুলির প্রতিনিধিদের সক্রিয় অংশগ্রহণ এবং সভা সফল করার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।

নয়াদিল্লি

সেপ্টেম্বর ১৫, ২০১৬